

ইনকিলাব
৪ জুলাই ১৯৯১

অসুস্থ সঙ্গীত শিল্পীর
চিকিৎসার জন্য সাহায্য
প্রদানের আহবান

জাতীয় সংসদের টেপুটি স্পীকার শেখ
রাজ্জাক আলী এক বিবৃতিতে অসুস্থ
সংগীত শিল্পী খুলনা নিবাসী সাধন
সরকারের চিকিৎসার জন্য মুক্তহস্তে
আর্থিক সাহায্য প্রদানের জন্য সমাজের
সর্বস্তরের জনগণের প্রতি আবেদন
জানিয়েছেন।

উল্লেখ্য, প্রখ্যাত সঙ্গীত শিল্পী সাধন
সরকার কিডনী রোগে আক্রান্ত হয়ে
বর্তমানে ঢাকার পিজি হাসপাতালে
চিকিৎসাধীন আছেন। — প্রেস বিজ্ঞপ্তি।

পূর্বাঞ্চল

২০ জুলাই ১৯৯১

অসুস্থ শিল্পী সাধন সরকারকে
সূচিকিৎসার জন্য বিদেশে
পঠানোর সিদ্ধান্ত

মারাত্মক কিডনী রোগে অসুস্থ শিল্পী
সাধন সরকার এর সূচিকিৎসার জন্য
শিল্পী সাধন সরকার চিকিৎসা সহায়ক
পরিষদের এক সভায় অবিলম্বে শিল্পীকে
বিদেশে প্রেরণের সিদ্ধান্ত গ্রহণ করা
হয়েছে। শিল্পীর বর্তমান শারীরিক অবস্থা
এবং চিকিৎসকদের অভিমতের ভিত্তিতে
চিকিৎসা সহায়ক পরিষদ এই সিদ্ধান্ত
গ্রহণ করে। পরিষদ বিদেশে চিকিৎসার
জন্য ন্যূনপক্ষে পাঁচ লক্ষ টাকার এক
তহবিল গঠনের লক্ষ্যমাত্রা ধার্য করেছে।
ঢাকায় পি, জি, হাসপাতালে দেড়মাস
চিকিৎসা গ্রহণের পর অসুস্থ শিল্পী
বর্তমানে খুলনায় অবস্থান করছেন।
গতকাল (শুক্রবার) বিকেলে চিকিৎসা
সহায়ক পরিষদের যুগ্ম আহ্বায়ক জনাব
মাহমুদ আলম খানের সভাপতিত্বে
অনুষ্ঠিত সভায় শিল্পীর জীবন রক্ষায়
গুরুত্ব আরোপ করে বক্তব্য রাখেন ডাঃ
মহবুবর রহমান, জনাব মোঃ আবদুল্লাহ,
অধ্যাপিকা দীপা বন্দোপাধ্যায়, বিষ্ণুপদ
সিংহ, এ্যাডভোকেট ফিরোজ আহমেদ ও
সদস্য সচিব মুহম্মদ আজিজ হাসান।
বক্তাগণ বলেন শিল্পীর পুনঃ রোগমুক্তির
জন্য মুক্ত হস্তে আর্থিক সহায়তা প্রদানের
জন্যে খুলনার সর্বস্তরের জনগণের প্রতি
আহবান জানান।
সভায় শিল্পী সাধন সরকারের

সূচিকিৎসার জন্য বিদেশ প্রেরণের
প্রয়োজনীয়তা সম্পর্কিত জাতীয় সংসদের
ডেপুটি স্পীকার শেখ রাজ্জাক আলীর
আহবান এবং ঢাকায় সাধন সরকার
চিকিৎসা তহবিল গঠনের জন্য ধন্যবাদ
জানিয়ে সভায় অপর এক প্রস্তাব গ্রহণ
করা হয়। প্রস্তাবে অন্যান্য সংগঠনের
উদ্যোগকেও পরিষদ ধন্যবাদ জানান।
।। খবরবিজ্ঞপ্তি।।